

জাতীয় বিশ্ববিদ্যালয়

## অন ক্যাম্পাস অনার্স কোর্স বন্ধের নির্দেশ শিক্ষা মন্ত্রণালয়ের



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৬ মে ২০২৪ | ১৬:৩০ | আপডেট: ২৬ মে ২০২৪ | ১৬:৩৩



জাতীয় বিশ্ববিদ্যালয়ের অন-ক্যাম্পাস অনার্স কোর্স বন্ধের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গত বৃহস্পতিবার (২৩ মে) শিক্ষা মন্ত্রণালয়ের এক চিঠিতে এ নির্দেশ দেয়। রাষ্ট্রপতির আদেশক্রমে এতে সই করেছেন মন্ত্রণালয়ের বিশ্ববিদ্যালয় অধিশাখার যুগ্ম-সচিব মো. পারভেজ হাসান।

চিঠিতে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের দুটি চিঠির পরিপ্রেক্ষিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে স্নাতক প্রোগ্রাম চালু করা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বন্ধ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জানা গেছে, গত বছরের ২১ জুলাই প্রকাশিত বিজ্ঞপ্তিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ে এলএলবি, বিবিএ, ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট এবং নিউট্রিশন অ্যান্ড ফুড সায়েন্স বিষয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির আবেদন আহ্বান করা হয়। এর মাধ্যমে অন-ক্যাম্পাস স্নাতক কোর্স চালুর কার্যক্রম শুরু করে জাতীয় বিশ্ববিদ্যালয়।

গত বছরের ২৭ জুলাই থেকে ৫ সেপ্টেম্বর পর্যন্ত আবেদন নেওয়া হয়। ১২ সেপ্টেম্বর অন-ক্যাম্পাস স্নাতক কোর্সের ভর্তির ফল প্রকাশ করা হয়। ১৪ সেপ্টেম্বর ভর্তিচ্ছুদের সাক্ষাৎকার নেওয়া হয়। ২৫ সেপ্টেম্বর থেকে শুরু হয় ভর্তি। একই বছরের ১৯ সেপ্টেম্বর চারটি বিষয়ে অন-ক্যাম্পাস কোর্স বন্ধের নির্দেশনা দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়কে চিঠি দেয় ইউজিসি। সেখানে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের আইন না মেনে এবং ইউজিসির অনুমতি না নিয়েই এ কার্যক্রম চালু করা হয়েছে। এছাড়া আইন বিভাগ চালু করতে হাইকোর্টের রায় অনুযায়ী বার কাউন্সিলের ছাড়পত্রও নেয়নি জাতীয় বিশ্ববিদ্যালয়, যা বিধিবিহীন।

জবাবে আইন মেনেই অন-ক্যাম্পাস কোর্স চালুর কথা জানায় জাতীয় বিশ্ববিদ্যালয়। এভাবে ইউজিসি ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে কয়েক দফা চিঠি চালাচালি হয়। পরে বিষয়টি সুরাহার জন্য যায় শিক্ষা মন্ত্রণালয়ে। দুই পক্ষের চিঠি বিশ্লেষণ করে অবশেষে চূড়ান্ত সিদ্ধান্ত নিলো মন্ত্রণালয়।